

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির মে/ ২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী :


সভার তারিখ : ১২/০৫/২০২২ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়।
সভাপতি : জনাব রোকসানা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সদস্য সচিব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সুপারিশসমূহ উপজেলা পরিষদের নিকট প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
১	সভাপতি মহোদয় বলেন, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মা শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার পাশাপাশি কৈশোরকালীন স্বাস্থ্য সেবা প্রদান করে যাচ্ছে। বিষয়টি অনেক ইতিবাচক। ৪টি FWC তে কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা কর্মীর চালু করায় তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। কিশোর কিশোরীদের বয়ঃসন্ধিকালীন শারিরিক ও মানসিক পরিবর্তন, বাল্য বিয়ে প্রতিরোধ ইত্যাদি বিষয়ে আমরা ইউনিয়ন / প্রাতিষ্ঠানিক পর্যায়ে কিশোর কিশোরী সমাবেশের আয়োজন করতে পারি। যেখানে তাদেরকে বিভিন্ন বিষয়ে সচেতন করার পাশাপাশি উপজেলা পরিষদের উদ্যোগে স্যানিটারী প্যাড বিতরণ করা হবে।	প্রতিটি ইউনিয়নে পর্যাক্রমে সচেতনতামূলক কর্মশালা আয়োজন করা যেতে পারে।
২	করগাঁও উপস্বাস্থ্য কেন্দ্রের FWV ও FPI এর রুমটি দীর্ঘদিন যাবৎ মেরামত না করার ফলে বসার অনুপযোগী হয়ে গেছে। এছাড়া সেবা গ্রহীতাদের ব্যবহারের জন্য একমাত্র ওয়াশ রুমটিও পরিত্যক্ত অবস্থায় আছে। এত স্বাভাবিক সেবা প্রদান কার্যক্রম ব্যহত হচ্ছে। সেবার মান বৃদ্ধির জন্য দ্রুত তাদের বসার রুম ও টয়লেট মেরামত করা প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র কেন্দ্রের বসার রুম ও টয়লেট মেরামত করার বিষয়ে উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(রোকসানা)

মহিলা ভাইস চেয়ারম্যান


ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৬। অফিস কপি।







(সাইদুর রহমান)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
কটিয়াদী, কিশোরগঞ্জ।



ছাত্র ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটির সভার হাজিরা : তারিখ : ২৭/০৫/২২

ক্রঃ নং	নাম	পদবী/ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১.	জনাব রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপঃ পরিঃ	সভাপতি	
২.	জনাব রেজাউল করিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সদস্য	
৩.	জনাব আবু বকর সিদ্দিক	চেয়ারম্যান, মসূয়া ইউপি	সদস্য	
৪.	জনাব মতিউর রহমান	চেয়ারম্যান, আচমিতা	সদস্য	
৫.	জনাব সাইদুর রহমান	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কটিয়াদী	সদস্য সচিব	